# রাত্রিপংক্তিমালা

রাত আর আমি একা একা
অন্ধকারে থাকি অপেক্ষায়
যদি কেউ আসে যদি কারও
পায়ের আওয়াজ শোনা যায়

কিন্তু শোনা যায় না কিছুই
গাছের ঘুমন্তশ্বাস ছাড়া
আর এই কাঙাল হৃদয়ে
সময়ের মৃদু কড়ানাড়া

একটি তারা খসে যেতে যেতে
দিগন্তের সুদূর কিনারে
যেন বলে   জীবনের মতো
মৃতুও তো শিল্প হতে পারে

শোকগ্রস্ত দেয়ালে দেয়ালে
ছুঁয়ে যাই আঙুল আমার
দেখি জমে আছে তার গায়ে
কী মসৃণ আঁধার, আঁধার

পেট ভরে নির্জনতা খেয়ে
সে - আধাঁর ফুলছে আপাতত
যেন এ শরীরে বাসা বাঁধা
জেদি, একগুঁয়ে, কোনও ক্ষত...

দুর্গা প্রসাদ পাণ্ডা


Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com